

এসডিজির লক্ষ্যমাত্রা অনুযায়ী শিশুশ্রম মুক্ত বাংলাদেশ গড়ে তোলা হবে - শ্রম প্রতিমন্ত্রী ঢাকা, ১৩ অক্টোবরঃ শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী বেগম মনুজান সুফিয়ান বলেছেন সরকারী -বেসরকারী সংস্থা সবাই মিলে ঐক্যবদ্ধভাবে কাজ করে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা-এসডিজির লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২৫ সালের মধ্যে শিশুশ্রম মুক্ত বাংলাদেশ গড়ে তোলা হবে।

তিনি আজ বিকেলে রাজধানীর বিজয়নগরে শ্রম ভবনের সম্মেলনক্ষেত্রে জাতীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ এর ৯ম সভায় সভাপতির বক্তৃতায় এসব কথা বলেন।

শ্রম প্রতিমন্ত্রী বলেন, শিক্ষা থেকে ঝরে পড়া এবং শিশুশ্রমে নিযুক্ত হওয়ার মূল কারণ হচ্ছে পারিবারিক অস্বচ্ছলতা। একটি শিশু কেন শ্রমে নিযুক্ত হয় তার আরো যেসব কারণগুলো রয়েছে তা সঠিকভাবে চিহ্নিত করতে হবে, তাহলে এ সমস্যার সমাধান আরো সহজ হবে। তিনি বলেন, আজকের শিশু আগামী দিনের নাগরিক, জাতির কল্যাণের জন্য আজকের শিশুদের উপযুক্তভাবে গড়ে তুলতে হবে।

সভায় শ্রম মন্ত্রণালয়ের সচিব কে এম আব্দুস সালাম, অতিরিক্ত সচিব ড মোল্লা জালাল উদ্দিন, ড. রেজাউল হক, স্বাস্থ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব সাইদুর রহমান, প্রধানমন্ত্রীর কার্যালয়ের মহাপরিচালক মুনিরা বেগম, শ্রম অধিদপ্তরের মহাপরিচালক একেএম মিজানুর রহমান, জাতীয় শ্রমিক লীগ সভাপতি মো. ফজলুল হক মন্টু, মহিলা আইনজীবী সমিতির সভাপতি সালমা আলীসহ বিভিন্ন মন্ত্রণালয়, আইএলও এবং বেসরকারী সংস্থার প্রতিনিধিগণ অংশ গ্রহণ করেন।

সভায় জানানো হয় শিশু শ্রম নিরসনের লক্ষ্যে জাতীয় শিশুশ্রম নিরসন নীতি -২০১০ এ ৯টি কৌশলগত ক্ষেত্র চিহ্নিত করা হয়েছে। এ নীতির আলোকে জাতীয় কর্মপরিকল্পনায় ৯টি কৌশলগত ক্ষেত্রের জন্য ১০ টি মন্ত্রণালয়/বিভাগকে দায়িত্ব প্রদান করা হয়েছে।

এর আগে বাংলাদেশ শ্রমিক কল্যাণ তহবিলে আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানি লিঃ একটি প্রতিনিধিদল গত বছরের কোম্পানির লভ্যাংশের নিদিষ্ট অংশ ২ কোটি ২৯ লাখ ১৮ হাজার টাকার চেক প্রতিমন্ত্রীর নিকট হস্তান্তর করেন। মোঃ আকতারুল ইসলাম তথ্য ও জনসংযোগ কর্মকর্তা ফোন-৯৫৭৩৮৩৯ মোবাইলঃ০১৭১৮৮৫১৮৫১
Email : aktarullalpur@gmail.com

